জাতীয় বিশ্ববিদ্যালয়

# পরিত্যক্ত প্রশ্নপত্র শনাক্ত : দায়ী কর্মকর্তা-কর্মচারীরা

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন কলেজের অনার্স ও এলএলবি পরীক্ষার বিভিন্ন কোর্সের ১১টি উত্তরপত্র পরিত্যক্ত

শনাক্ত : পৃষ্ঠা : ১৫ কলাম : ১

## শনাক্ত : প্রশ্নপত্র

(শেষ পৃষ্ঠার পর)

অবস্থায় পড়ে থাকায় প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যবস্থা এবং নিরাপত্তা ব্যবস্থা নিয়ে ব্যাপক প্রশ্ন দেখা দিয়েছে। ইতিমধ্যে গতকাল জনৈক পরীক্ষার্থী তাঁর হারিয়ে যাওয়া একটি উত্তরপত্র শনাক্ত করেছে। প্রশ্নপত্র হারিয়ে যাওয়ার জন্য কর্মকর্তা-কর্মচারীরা দায়ী। তদন্তকালে জানা গেছে, বিভিন্ন কেন্দ্র থেকে উত্তরপত্র সংগ্রহ করে কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রণ ভবনের নিচতলায় অগোছালোভাবে ফেলে রাখে। এ সুযোগে প্রতিষ্ঠানের কিছু অসাধু কর্মকর্তা-কর্মচারী উত্তরপত্র সরিয়ে রাখে। পরে উৎকোচের বিনিময়ে এসব উত্তরপত্র ফেরত দেয়া হয়। অর্থের বিনিময়ে অবৈধভাবে ফেল করা ছাত্র-ছাত্রীদের উত্তরপত্র পূরণের মাধ্যমে পাস করিয়ে দেয়া হয়।

এদিকে পরিত্যক্ত অবস্থায় পাওয়া উত্তরপত্রের মধ্যে বরিশাল সরকারি কলেজের এলএলবি ফাইনাল পরীক্ষার শেষপর্বের সপ্তমপত্র (মার্কেন্টাইল 'ল) নিজের বলে শনাক্ত করেছেন। ওই পরীক্ষার্থীর রোল নং-৬৯১, রেজিঃ নং-২৩৮৮০৫/৯৩-৯৪ এবং অনুষ্ঠিত পরীক্ষার তারিখ ১৩ নভেম্বর ১৯৯৮ ইং। ওই পরীক্ষার্থী মাহবুব জানান, কর্তৃপক্ষের দায়িত্বহীনতার কারণে এ উত্তরপত্রটি রহস্যজনকভাবে নিখোঁজ হয়। উত্তরপত্র না থাকায় পরীক্ষায় তিনি অকৃতকার্য হন। এ নিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়কে লিগ্যাল নোটিশ দেয়া হয়েছে। আরও জানা গেছে, বরিশাল ও পটুয়াখালী কেন্দ্রে মোট ১৮টি উত্তরপত্র রহস্যজনকভাবে নিখোঁজ হয়। উল্লেখ্য, রোববার কালিয়াকৈরের মৌচাক এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় ১১টি উত্তরপত্র পাওয়া যায়।